# বিষয় ঃ মনোবিজ্ঞান ২য় পত্র (সৃজনশীল)

বিষয় কোড | ১ | ২ | ৪ |

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান—৫০

[ বিশেষ দ্রষ্টব্য ঃ নিচের ৮টি প্রশ্ন থেকে সর্বমোট ৫টি প্রশ্নের উত্তর দিতে হবে। ১ এবং ৮ নং প্রশ্নের উত্তর দেয়া বাধ্যতামূলক। 'ক' ও 'খ' প্রতি গুচ্ছ থেকে কমপক্ষে ১টি করে মোট ৩টি প্রশ্নের উত্তর দিতে হবে। ]

১.▶ হেলাল এবং বেলাল পিঠাপিঠি দুই ভাই। হেলালের বয়স ৯ বছর। হেলাল তার সমবয়সী বাচ্চাদের সাথে পড়াশোনা করতে অক্ষম। তাই তাকে তার বাবা মা মনোবিজ্ঞানীর পরামর্শে বিশেষ যত্নে রাখা বাচ্চাদের একটি স্কুলে ভর্তি করান। যেখানে হেলাল কিছু লেখাপড়া শিখবে এবং নিজের কাজ নিজে করতে ও শেখাতে পারে। এই শিক্ষাই ভবিষ্যতে তাকে নিজে চলার মতে উপার্জনে সাহায্য করবে।

অন্যদিকে বেলালের বয়স ১১ বছর। সম্পূর্ণভাবে পরিবারের সকল সদস্যদের ওপর সার্বিকভাবে নির্ভরশীল। নিজে নিজে কিছুই সে করতে পারে না। বেলালের আচরণ ছোট্ট শিশুদের মতো, বোকা বোকা চেহারা। বেশির ভাগ সময় ঘুমিয়ে কাটায়। পরিবারের সদস্যরা তাকে তাদের বোঝা হিসেবে গণ্য করে।

ক. কৃতি বা কার্য সম্পাদনমূলক অভীক্ষা কাকে বলে? ১
খ. Wechsler এর বয়স্ক বুদ্ধি অভীক্ষার ২টি বৈশিষ্ট্য লিখ। ২
গ. উদ্দীপকের আলোকে হেলাল ও বেলালকে কোন শ্রেণির বুদ্ধিমত্তা সম্পন্ন বলে আখ্যায়িত করা যায় ব্যাখ্যা দাও। ৩
ঘ. উদ্দীপকের শিশু ২টির জন্য তাদের বাবা মায়ের কী করণীয়, তোমার বই এর ভিত্তিতে আলোচনা কর এবং তোমার মতামত দাও। ৪

২.▶ কোন শ্রেণি পরীক্ষায় মনোবিজ্ঞান বিষয়ে ৩০ জন পরীক্ষার্থী অংশ নেয়। পরীক্ষারণ মোট নম্বর ছিল ৭৫।

| শ্রেণি ব্যবধান | পৌনঃপুণ |
|---|---|
| ৪৮-৫০ | ২ |
| ৪৫-৪৭ | ১ |
| ৪২-৪৪ | ৩ |
| ৩৯-৪১ | ৬ |
| ৩৬-৩৮ | ১০ |
| ৩৩-৩৫ | ৪ |
| ৩০-৩২ | ১ |
| ২৭-২৯ | ১ |
| ২৪-২৬ | ১ |

N = ৩০

ক. বিচ্যুতির সংজ্ঞা দাও। ১
খ. সূত্রসহ ভেদাংক ব্যাখ্যা করো। ২
গ. প্রদত্ত উপাত্ত থেকে গড় বিচ্যুতি নির্ণয় করো। ৩
ঘ. প্রদত্ত উপাত্ত থেকে আদর্শ বিচ্যুতি নির্ণয় করে গড় বিচ্যুতির ফলাফলের সঙ্গে তুলনা করো। ৪

http://teachingbd.com

৩.▶ **দৃশ্যকল্প-২** পড়াশোনায় অমনোযোগী ছাত্রী সায়েমা ক্লাস শেষ করে কলেজ ত্যাগ করার সময় লক্ষ্য করল যে মনোযোগী ছাত্রী সালেহার ডেস্কের ওপর কিছু নোটসহ তার কলেজ ব্যাগটা পড়ে আছে কিন্তু কাছাকাছি কোথাও সালেহা নেই। এদিকে এই নোটগুলো সায়েমার খুব প্রয়োজন। কারণ সামনে পরীক্ষা। ক্ষণিকের মধ্যে সায়েমা ভাবল সালেহার নোটগুলো চুরি করবার এটাই সুবর্ণ সুযোগ। সে মনে মনে সিদ্ধান্ত নিল যে ব্যাগ থেকে নোটগুলো নিয়ে এখনই পালাবে। এই ভোবে নোটগুলো দিকে আগাতে গিয়ে হঠাৎ সায়েমার মনে হলো যদি কলেজের অন্য কোন ছাত্রী বা শিক্ষক বা দাদা-দাদিদের মধ্যে কেউ তা দেখে ফেলে তাহলে তো সর্বনাশ হবে। সঙ্গে সঙ্গে তার মনে হলো যে সে যেই কাজটা করতে যাচ্ছে সেটা একান্তই অন্যায় এবং এটা করা যাবে না। সায়েমা তার চুরি করার সিদ্ধান্ত বদলাল এবং খালি হাতে বাড়ির পথে রওয়ানা দিল। বাড়ি যাবার পথে সে চিন্তা করতে লাগল যে পরীক্ষা শুরু হবার আগে রাত জেগে জেগে নিজের নোট সে নিজেই তৈরি করতে পারবে।

**দৃশ্যকল্প-২ :** সায়েমার ভাই রফিক দ্বাদশ শ্রেণির ছাত্র। তার ওপর নির্দিষ্ট কিছু নিয়ম বর্তিয়ে ১০টি কালির ছাপ বিশিষ্ট কার্ড উপস্থাপন করা হয় এবং তাকে সেগুলোর ওপর প্রতিক্রিয়া করতে বলা হয়। এভাবে তার উত্তরগুলো সংগ্রহ করতে হয়। রফিকের দেয়া উত্তরগুলোকে ৩টি বৈশিষ্ট্যের ভিত্তিতে মূল্যায়ন করা হয়। প্রাপ্ত ফলাফলের মধ্য দিয়ে রফিকের ব্যক্তিত্ব সম্পর্কে ধারণা পাওয়া যায়।

ক. ব্যক্তিত্বের সংলক্ষণ বলতে কী বোঝায়? ১

খ. পিকনিক ধরনের লোকদের শারীরিক গঠনের ২টি বৈশিষ্ট্য লিখ। ২

গ. দৃশ্যকল্প-১ : সায়েমার আচরণের পরিপ্রেক্ষিতে ফ্রয়েডের ব্যক্তিত্বের কাঠামোর ব্যাখ্যা দাও। ৩

ঘ. দৃশ্যকল্প-২ : রফিকের ব্যক্তিত্ব পরিমাপকে কোন অভীক্ষাটি তার ওপর প্রয়োগ করা হয়েছে আলোচনা করো। ৪

৪.▶ **দৃশ্যকল্প-১ :** মিসেস নাজনীন ১০ হাজার টাকা বেতনে একজন বাবুর্চি রেখেছেন বেশ কিছু দিন হয়। সেই বাবুর্চি ৬/৭ দেশের বিভিন্ন স্বাদের রান্না খুব ভালো পারে। মিসেস নাজনীনের বাসায় প্রায়ই অনেক অতিথি আপ্যায়ন করতে হয়। প্রত্যেক দাওয়াতের অতিথিরাই রান্নার খুব প্রশংসা করে থাকেন। মিসেস নাজনীন তার বাবুর্চিকে বেতনের টাকা ছাড়াও প্রায়ই টুকটাক আরও কিছু টাকা-পয়সা দেন। তিনি এটাতে খুব আনন্দবোধ করেন। তার বাবুর্চি সম্পর্কে কেউ যদি কখনো কোনো বিরূপ মন্তব্য বা সমালোচনা করে তিনি সঙ্গে সঙ্গে বাবুর্চির পক্ষ নিয়ে কথা বলেন এবং বাবুর্চির কোনো সমস্যা বা বিপদ দেখলে তিনি তাকে বিভিন্নভাবে সাহায্য করেন এবং পাশে থাকেন।

**দৃশ্যকল্প-২ :** রেইনার বয়স ৯ বসর। সে বাঙালি। গায়ের রং শ্যামলা, চুল কালো। তার জন্ম আমেরিকায়। রেইনার বাবা আমেরিকাতে পড়াশোনা করে শহরে চাকরি করছে। গোটা পরিবার সেখানেই থাকে। রেইনার স্কুল বাড়ির কাছেই হেঁটে যাবার পথ। প্রতিবেশীরা সবাই আমেরিকান। প্রতিবেশী বাচ্চারাও একই স্কুলে পড়াশোনা করে এবং সবাই হেঁটেই স্কুলে যায়। রেইনা কিছু দিনের মধ্যেই লক্ষ করেছে যে, প্রতিবেশী বাচ্চারা, স্কুলের সহপাঠীরা এমনকি স্কুলের অন্যান্য বাচ্চারাও তার সাথে কথা বলে না, খেলাধুলা করতে চায় না এক কথায় তারা রেইনাকে এড়িয়ে চলে এবং অন্যদৃষ্টিতে দেখে। তাদের এই ব্যবহারে রেইনার মন সব সময় খুব খারাপ থাকে।

http://teachingbd.com

ক. মনোভাবের সংজ্ঞা দাও। ১
খ. ভারসাম্য মতবাদ এবং অবহিতিমূলক সামঞ্জস্যহীনতা মতবাদের মূল বক্তব্য কী? ২
গ. মিসেস নাজনীনের ক্ষেত্রে মনোভাবের কোন বিষয়গুলো কাজ করছে যৌক্তিক বিশ্লেষণ করো। ৩
ঘ. রেইনার প্রতিবেশী বন্ধু ও স্কুলের বন্ধুদের মধ্যে কোন ধরনের সংস্কারের লক্ষণ আছে বলে তুমি মনে করো? উদ্দীপকের পরিপ্রেক্ষিতে তোমার মতামত দাও। ৪

৫.▶ রীনা ও মীম একই পাড়ায় থাকে। রীনা ছোটবেলা থেকে খুব চঞ্চল একটি মেয়ে। অন্যান্য মেয়েরা সচরাচর যা করত সে তা করত না। যেমন- ছেলেদের সাথে খেলা করত, টিফিন নেয়ার লাইন ভেঙে আগেই টিফিন নিয়ে আসত, এমনকি সন্ধ্যার পর ও বাইরে থাকত। এজন্য পাড়ার লোকজন তার সমালোচনাও করত। আর মীম দেখতে ছিপছিপে গড়নের ও সুন্দর চেহারার অধিকারী। তাকে যেই দেখে পছন্দ করে ফেলে। একদিন তার নতুন বস তাকে রুমে ডেকে নিয়ে অযথা বিভিন্ন কাজের কথা বলে অফিস সময়ের পরও অফিসে থাকতে বাধ্য করে। এরপর থেকে বিভিন্নভাবে তাকে কুরুচিপূর্ণ ইঙ্গিত করে। ফলে সে সিদ্ধান্ত নেয় চাকরিটা ছেড়ে দেবে।

ক. আগ্রাসন কী? ১
খ. ভূমিকা শিক্ষণের মাধ্যমে কীভাবে সামাজিকরণ ঘটে। ২
গ. রীনার আচরণে কোন ধরনের বিরোধিতা লক্ষণীয় বর্ণনা করো। ৩
ঘ. সবার মীমকে পছন্দ করার পেছনে যে উপাদান ও বসের আচরণের স্বরূপ তুমি কীভাবে মূল্যায়ন করবে। ৪

৬.▶ দৃশ্যকল্প-১ মিঃ করিম তার গবেষণার জন্য প্রথম পর্যায়ে পরীক্ষণ পাত্রদের পরীক্ষণ দল ও নিয়ন্ত্রিত দল ২ ভাগে ভাগ করলেন। তারপর পরীক্ষণ দলে অনির্ভরশীল দল প্রয়োগ করলেন। নিয়ন্ত্রিত দলে করলেন না। এভাবে উপাত্ত সংগ্রহ শেষ করলেন।

দৃশ্যকল্প-২ : মিসেস নাসরিন তার গবেষণার পরীক্ষণ পাত্র হিসেবে ছাত্র ছাত্রীদের ব্যবহার করলেন। সেজন্য যে স্কুলে ছেলে ও মেয়ে আছে সেখানে গেলেন। তিনি যে ক্লাসরুমগুলো বাছাই করলেন তাতে ছেলে আছে ১৪০ জন ও মেয়ে আছে ১০০ জন। তিনি এই ২৪০ জন ছাত্র ছাত্রীদের এমনভাবে দুই ভাগে ভাগ করলেন যাতে লিঙ্গভেদে আচরণে কোনো পার্থক্য না ঘটে।

ক. প্রকল্প কী? ১
খ. পরস্পরবিরোধী ফলাফল কীভাবে সমস্যার উৎস হিসেবে কাজ করে? ২
গ. মিসেস নাসরিন চল নিয়ন্ত্রণে যে কৌশল ব্যবহার করেছেন, তা উদাহরণসহ বর্ণনা করো। ৩
ঘ. মি: করিম গবেষণার ২টি পর্যায়ে ২টি পদ্ধতি ব্যবহার করেছেন- যার ১টি ভিন্নধর্মী, মূল্যায়ন করো। ৪

৭.▶ সিরাজ ও মিরা দুই ভাই বোন। মিরা স্কুল পাস করে কলেজে ভর্তি হয়েছে। ভালো ছাত্রী। ওদের বাড়ি কলেজ থেকে অনেক দূরে। রিকশা বা ভ্যানে চলাচল করার সামর্থ্য ওদের নেই। তাই হেঁটেই মিরা কলেজে যাওয়া-আশা করে। প্রাকৃতিক দুর্যোগের কারণে বা ভরা বর্ষার সে কলেজে যেতে পারে

http://teachingbd.com

না। সৎ মায়ের সংসারে পারিবারিক কাজও অনেক তাকে সামলাতে হয়। ২ বেলা পেট ভরে খাওয়াও জোটে না অনেক সময়। তাই সব কিছু শেষ করে যখন পড়তে বসার সময় হয় মিরা তখন ক্লান্তি এবং অবসন্নতায় ঘুমিয়ে পড়ে। এসব নিয়ে মিরার মন সবসময় খুব খারাপ। তাই পড়াশোনায় মন বসাতে পারে না। যার কারণে পরীক্ষায় আশানুরূপ ফলাফল করা হচ্ছে না। মিরার ভাই সিরাজ অনার্স শেষ বছরের ছাত্র পারিবারিক দুর্দশা ও বোনের কষ্ট সহ্য না করতে পেরে সিদ্ধান্ত নিল পড়াশোনার পাশাপাশি কষ্ট করে চাকরি করবে, বোনটাকে যাতায়াতের খরচ দিতে পারলে ওর কষ্ট কম হবে। অনেক চেষ্টার পরে সিরাজের একটি চাকরির অফার আসলো যার মাসিক বেতন অনেক কম এবং চাকরির স্থলও অনেক দূরে। সিরাজ কী করবে সিদ্ধান্ত নিতে পারছে না।

ক. মানসিক চাপ কাকে বলে? ১

খ. মোট কয়টি অবস্থাকে বুঝতে কর্মভার শব্দটি ব্যবহার হয়েছে এবং সেগুলো কী কী? ২

গ. মিরার পড়াশোনায় আশানুরূপ ফলাফল না করার জন্য হতাশার কোনো উৎসকে দায়ী করা যায়, ব্যাখ্যা দাও। ৩

ঘ. সিরাজের মধ্যে কোন ধরনের দ্বন্দ্ব কাজ করছে? এই দ্বন্দ্ব কীভাবে মোকাবিলা করবে তোমার মতামত দাও। ৪

৮.▶ মিঃ ফারুক একজন বিজ্ঞানী ঠাণ্ডা মস্তিষ্কের জ্ঞানী মানুষ। তিনি সত্যের সন্ধানী, তিনি তার আশপাশের সব কিছুর মধ্যে নতুনত্ব খুঁজে বেড়ান। পরিবেশের সকল কিছুকে অভিজ্ঞতার আলোকে সমালোচনার মধ্যে বিচার করে তৃপ্তি পান। নতুন বিষয় নিরীক্ষণে আনন্দ পান এবং নিজেকে ব্যস্ত রাখেন। ঘর সংসারের প্রতি নিতান্তই উদাসীন।

মি: ফারুকের স্ত্রী মিসেস নবনীতা একজন মধ্যবয়সী সুন্দরী চাকরিজীবী মহিলা। মিসেস নবনীতার বান্ধবী সেলিনা এর বক্তব্য হচ্ছে, নবনীতা তার জীবনটাকে সুশৃঙ্খল, পরিচ্ছন্ন, পরিপাটি করে সাজিয়ে তার মধ্যে দিন কাটাতে চান। তিনি তার নিজ বাড়ি চাকরিস্থলে সবসময় এই পরিপাটি পরিচ্ছন্নতা বজায় রাখতে সচেষ্ট থাকেন। এমন কি তিনি তার পরিচিত এবং আশপাশের সকলকে সুন্দরভাবে চলতে উৎসাহিত করেন। মনোমুগ্ধকর পরিবেশ তাকে আকর্ষণ করে। প্রকৃতির মাঝেও তিনি পরিপাটি ও পরিচ্ছন্নতা খুঁজে বেড়ান। তিনি বিশ্বাস করেন এর মধ্যে লুকিয়ে আছে মানুষের সম্মান।

মি: ফারুক ও মিসেস নবনীতার একমাত্র সন্তান জয়, বাবা বা মায়ের মতো না। ছোটবেলা থেকেই নিজেকে নেতা ভাবতে পছন্দ করে, ছোট-বড় সবার ওপর প্রভাব খাটানো একটা প্রবণতা তার মধ্যে দেখা যায়। সবকিছুর মধ্যে নিজে ক্ষমতা ব্যবহার করে, সবার উদ্দেশে ভালো ভালো বক্তব্য রেখে নিজেকে প্রতিষ্ঠিত করতে সদা সচেষ্ট থাকে।

ক. মূল্যবোধের সংজ্ঞা দাও। ১

খ. মূল্যবোধ গঠনে পরিবারের ভূমিকা বলতে কি বুঝ? ২

গ. উদ্দীপকের আলোকে জয় কোন ধরনের মূল্যবোধের অধিকারী ব্যাখ্যা করো। ৩

ঘ. মি: ফারুক ও মিসেস নবনীতার মূল্যবোধের তুলনামূলক বিশ্লেষণ করো। ৪

http://teachingbd.com

# মনোবিজ্ঞান ২য় পত্র

বিষয় কোড : | ১ | ২ | ৪ |

সময় — ২৫ মিনিট

বহুনির্বাচনি অভিক্ষা

পূর্ণমান — ২৫

[দ্রষ্টব্য: নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/ সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]

**১. উদ্দীপকটি পড় এবং নিচের প্রশ্নের উত্তর দাও:**

**মায়ের ইচ্ছা কাশফিকে অবশ্যই H.S.C পরীক্ষায় G.P.A ৫.০০ পেতে হবে। এজন্য মা তাকে দৈনিক ১৫/১৬ ঘন্টা পড়তে বাধ্য করে। এতে তার ওপর অনেক লোড পড়ে এবং তার মনোযোগ থাকে না। উদ্দীপকে কোনটি লক্ষণীয়?**

ক) দৈহিক কর্মভার  খ) মাথা ভার লাগা
গ) মানসিক কর্মভার  ঘ) কর্মঘণ্টা বেশি হওয়া

**২. মানসিক চাপমূলক পরিস্থিতি হল—**

i. স্নেহ ভালোবাসার বঞ্চনা
ii. স্বামী বা স্ত্রীর মৃত্যু
iii. পরীক্ষায় উত্তীর্ণ হওয়া

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii  খ) ii ও iii
গ) i ও iii  ঘ) i, ii ও iii

**৩. কর্মভারের লক্ষণ—**

i. শরীর অবশ হওয়া
ii. কাজে খেয়াল না থাকা
iii. ধীরে শ্বাস-প্রশ্বাস

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড় এবং ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও:**

জহুরুল ইসলাম একজন আধ্যাত্মিক লোক। তিনি সমগ্র বিশ্ব জগৎকে একসূত্রে দেখতে চান। তিনি সব সময় উঁচু মার্গের সাথে সংযুক্ত থাকতে চায়।

**৪. জহুরুল ইসলাম কোন মূল্যবোধের অধিকারী?**

ক) তাত্ত্বিক  খ) রাজনৈতিক
গ) সামাজিক  ঘ) ধর্মীয়

**৫. জহুরুল ইসলাম সাহেবের মধ্যে রয়েছে—**

i. সৃষ্টির উৎস সম্বন্ধে জানার আগ্রহ
ii. এরা প্রত্যেক ঘটনার মাঝে স্বর্গীয় ইঙ্গিত খুঁজে পান
iii. এরা অত্যন্ত প্রবল সৌন্দর্যবোধের অধিকারী

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**৬. মূল্যবোধ গঠনের মাধ্যম হচ্ছে—**

i. কমিউনিটি
ii. সমবয়সী দল
iii. বিদ্যালয়

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**৭. কোন মূল্যবোধের লোকেরা বেশি বাস্তববাদী?**

ক) তাত্ত্বিক
খ) অর্থনৈতিক
গ) সৌন্দর্যবোধ
ঘ) ধর্মীয়

**৮. কোনটি সুপরিকল্পিত ও সুনিয়ন্ত্রিত পদ্ধতি?**

ক) পরীক্ষণ পদ্ধতি  খ) পর্যবেক্ষণ পদ্ধতি
গ) জরিপ পদ্ধতি  ঘ) চিকিৎসামূলক পদ্ধতি

**৯. মধ্যবর্তী চলের উদাহরণ হল—**

i. অভ্যাস
ii. অভিজ্ঞতা
iii. গোলযোগ

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**১০. পরীক্ষণমূলক সমস্যার প্রধান বৈশিষ্ট্য—**

i. সমস্যাটি সুনির্দিষ্ট হতে হবে
ii. সমস্যাটি পরস্পরবিরোধী হতে হবে
iii. সমস্যাটি পরীক্ষণ যোগ্য হতে হবে

**নিচের কোনটি সঠিক?**

ক) i ও ii  খ) i ও iii
গ) ii ও iii  ঘ) i, ii ও iii

**১১. পরিসংখ্যান কে কয়ভাগে ভাগ করা যায়?**

ক) দুই  খ) তিন
গ) চার  ঘ) ছয়

**১২. কোনো তথ্য সারির সবচেয়ে বড় ও সবচেয়ে ছোট মানের পার্থক্য নিচের কোনটি?**

ক) গড়  খ) পরিসর
গ) গড় ব্যবধান  ঘ) ভেদাঙ্ক

Teachingbd.com

http://teachingbd.com

১৩. পরিসংখ্যান সাহায্য করে—
i. ভবিষ্যৎ বাণী করতে
ii. জনসংখ্যা সম্পর্কে অনুমান করতে
iii. তথ্যকে সহজ ও বোধগম্য করতে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও i ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

১৪. ট্যারমান কোন সালে বিনে-সিমোঁন অভীক্ষার পরিবর্তন ও পরিবর্ধন করে সংস্করন প্রকাশ করেন?
ⓚ ১৯০৮ সালে ⓚ ১৯১১ সালে
ⓖ ১৯১৬ সালে ⓘ ১৯১৮ সালে

১৫. I, Q সূচকটি প্রকৃতপক্ষে প্রথম ব্যবহার করেন কোন মনোবিজ্ঞানী?
ⓚ উইলিয়াম স্টার্ন
ⓚ ডেভিড ওয়েসলার
ⓖ আলফ্রেড বিনে
ⓘ থার্সটোন

১৬. বুদ্ধি-প্রতিবন্ধীদের জন্য করণীয় কাজ হলো—
i. কাউন্সেলিং
ii. ফিজিওথেরাপি
iii. স্পিচথেরাপি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও i
ⓚ i ও ii
ⓖ ii ও iii
ⓘ i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড় ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও:
সূচনার এমন কিছু গুণাবলি আছে যেগুলো বাইরে প্রকাশ পায় না, অন্তর্নিহিত থাকে। সূচনার অন্তর্নিহিত গুণাবলি তার বাহ্যিক আচরণকে নিয়ন্ত্রণ করে।

১৭. উদ্দীপকে ক্যাটেলের মতবাদের কোন বিষয়টি প্রকাশ পেয়েছে?
ⓚ বাহ্যিক সংলক্ষণ ⓚ উৎস সংলক্ষণ
ⓖ গঠনগত সংলক্ষণ ⓘ উপাদানগত সংলক্ষণ

১৮. উদ্দীপকে যে সংলক্ষণ প্রকাশিত হয় তাকে ভাগ করা যায়—
i. পরিবেশগত সংলক্ষণ
ii. গঠনগত সংলক্ষণ
iii. কেন্দ্রীয় সংলক্ষণ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড় এবং ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও:
শফিক বিশ্ববিদ্যালয়ে পড়ে। কিন্তু বিশ্ববিদ্যালয়ের কারো সাথে মেলামেশা করে না। তার তেমন কোন বন্ধু নেই। যা আছে তাদের সাথেও ভালো সম্পর্ক নেই। সে কিছুটা আত্মকেন্দ্রিক।

১৯. শফিকের আচরণে কোন ব্যক্তিত্বের প্রকাশ ঘটেছে?
ⓚ সাইক্লোয়েড ⓚ পিকনিক
ⓖ সিজোয়েড ⓘ সোমাটোটনিক

২০. উদ্দীপকে যে ব্যক্তিত্বের লক্ষণ দেখা যায় তাদের শারীরিক গড়ন—
i. খাটো
ii. লম্বা
iii. হালকা পাতলা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii
ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

২১. কোন মনোবিজ্ঞানী রাশিয়ান জনগণ কমিউনিস্ট মনোভাবাপন্ন হওয়ার কারণ ব্যাখ্যা করেন?
ⓚ বস স্ট্যাগনার ⓚ ম্যাক্সক্লোসকি
ⓖ আর্থার স্ট্যাটস ⓘ রোজেন বার্গ

২২. কোন শব্দ থেকে 'পূর্ব সংস্কার' কথাটির উৎপত্তি
ⓚ স্প্যানিশ ⓚ ইংরেজি
ⓖ ফরাসি ⓘ ল্যাটিন

২৩. কোন প্রক্রিয়ায় মনোভাব গঠিত হয়?
ⓚ আচরণ ⓚ মূল্যায়ন
ⓖ উপযোজন ⓘ সামাজিক শিক্ষণ

২৪. সামাজীকরণ প্রক্রিয়ায় কয় ধরনের মনোভাবের পরিবর্তন লক্ষ করা যায়?
ⓚ ২ ধরনের
ⓚ ৩ ধরনের
ⓖ ৪ ধরনের
ⓘ ৫ ধরনের

২৫. আগ্রাসন যখন ধ্বংসের রূপ নেয় এবং জনমনে আতঙ্ক সৃষ্টি করে তখন তাকে কি বলে?
ⓚ আক্রমণাত্মক আচরণ
ⓚ হানাহানি
ⓖ প্রতিশোধ
ⓘ সন্ত্রাস

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | ক | ৩ | ক | ৪ | ঘ | ৫ | ক | ৬ | ঘ | ৭ | খ | ৮ | ক | ৯ | ক | ১০ | খ | ১১ | খ | ১২ | খ | ১৩ | ঘ | ১৪ | গ | ১৫ | ক |
| | ১৬ | খ | ১৭ | খ | ১৮ | ক | ১৯ | গ | ২০ | গ | ২১ | ক | ২২ | খ | ২৩ | ঘ | ২৪ | ক | ২৫ | ঘ | | | | | | | | | | |

Teachingbd.com
http://teachingbd.com